## উপজেলা পরিষদ

মোহনগঞ্জ, নেত্রকোণা

**বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী-**

| | | |
|---|---|---|
| সভার তারিখ | ঃ | ৩০ জুলাই ২০২৫ সময়: বেলা ১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম-মাল্টিপারপাস হল, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| সভাপতি | ঃ | জনাব জুয়েল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| উপস্থিত সদস্য | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-**

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান মোহনগঞ্জ উপজেলা হেড কোয়াটার হতে ছেছরাখালি জিসি রাস্তার ৩৩০০ চেইনেজে ১০ মি: আরসিসি গার্ডার ব্রীজ নির্মাণ কাজের ড্রাইভারশন রোডের পুরাতন মালামাল নিলামে বিক্রয় করা প্রয়োজন।<br>মোহনগঞ্জ উপজেলা পরিষদে নির্মানাধীন স্মৃতি স্তম্ভ/ সৌধের সামনের অংশ পাকাকরণ, টাইলসস্থাপন ও বিভিন্ন ফলক নির্মাণ করা প্রয়োজন। প্রকল্পটি বাস্তবায়ন করতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হবে যা উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে ব্যয় পরিশোধ করা যাবে। এবিষয়ে বিস্তর আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে প্রকল্পটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>উপজেলা পরিষদের অভ্যন্তরে ফলদ, বনজ ও ঔষুধি গাছ রোপণ করা হয়। এ গাছগুলো পরিচর্যা না করা হলে নষ্ট হয়ে যাবে।<br>তিনি আরো জানান উপজেলা পরিষদের অভ্যন্তরে ০৩ টি ঝড়ে পড়ে যাওয়া মরা গাছ রয়েছে। এগুলো নষ্ট হয়ে যাবে। গাছগুলোর বিষয়ে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে বলে সভাকে অবহিত করেন। | ০১। বিধি মোতাবেক ড্রাইভারশনের পুরাতন মালামাল বিক্রয় করার সিদ্ধান্ত হয়।<br>০২। উপজেলা পরিষদে নির্মানাধীন স্মৃতি স্তম্ভ/ সৌধের সামনের অংশ পাকাকরণ, টাইলস স্থাপন ও বিভিন্ন ফলক নির্মাণ প্রকল্পটি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। উপজেলা পরিষদের অভ্যন্তরে ফলদ, বনজ ও ঔষুধি গাছগুলো পরিচর্যার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ করা হয়।<br>০৪। উপজেলা পরিষদের অভ্যন্তরে মরা/ঝড়ে পরা গাছগুলোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত হয়। | ০১। উপজেলা প্রকৌশলী,এলজিইডি, মোহনগঞ্জ নেত্রকোণা<br>০২। উপজেলা প্রকৌশলী,এলজিইডি মাহনগঞ্জ, নেত্রকোণা<br>০৩। উপজেলা কৃষি অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা<br>০৪। উপজেলা বন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০২ | উপজেলা প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সভাকে জানান উপজেলা প্রাণী সম্পদ দপ্তর ক্যাম্পাসে একটি গাছ ঝড়ে পড়ে যায়। ঝড়ে পড়ে যাওয়া গাছটি বিধি মোতাবেক অপসারনের জন্য অনুরোধ জানান। তাছাড় বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | ঝড়ে পড়ে যাওয়া গাছের বিষয়ে বন কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ উপজেলা বন কর্মকর্তা,মোহনগঞ্জ নেত্রকোণা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্য নেই। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি, কর্মকর্তা, মোহনগঞ্জ নেত্রকোণা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান, উপজেলা স্বাস্থ্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ওপঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান মৎস্য দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। জুলাই/২৫ মাসে ১ টি মোবাইল কোর্ট ও ২টি অভিযান মোট ৪০ টি চায়না দুয়ারী ও ৭ টি কারেন্ট জাল জব্দকরে ধ্বংস করা হয়; যার দৈর্ঘ্য ১২৫৯ মিটার। এছাড়া বাজার মনিটরিং ও হাওরে পরিদর্শন অব্যাহত রয়েছে। জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপনে সকলের সহযোগিতা কামনা করেনে। | কাজের ধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর পরিবেশে চলছে। বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক, শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান তার দপ্তরের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। প্রাথমিক বিদ্যালয়সমূহে পাঠদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, আগামী ১২ আগস্ট ২০২৫, যথাযোগ্য মর্যাদায় " জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস-২০২৫ পালন করা হবে। মোহনগঞ্জ উপজেলার সকল কর্মকর্তা/কর্মচারী, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক, যুব সমাজসহ সকলকে যুব দিবসে উপস্থিত থাকার আমন্ত্রণ জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৯ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় সকলের উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১০ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান, মহিলা বিষয়ক দপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, ২০২৪-২০২৫ অর্থ বছরের কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। 2025 -২০২৬ অর্থ বছরের বরাদ্দ পাওয়া যায়নি। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৩ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিআরডিবি'র আওতাভুক্ত জোড়াবাড়ী (স্নিগ্ধা ও মাধবী) আবাসিক ভবন দুইটির পানির সংকট নিরসনে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সার্বিক নির্দেশনা ও বিআরডিবির নিজস্ব অর্থায়নে একটি সাবমার্সিবল পাম্প স্থাপন করা হয়েছে। সভার পক্ষ হতে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে ধন্যবাদ জানানো হয়। তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৪ | উপজেলা সমাজ সেবা অফিসার | উপজেলা সমাজ সেবা অফিসার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয়নি। | পরর্তী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৫ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয়নি। | পরর্তী সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক বিভাগ | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, সভায় জানান তার দপ্তরে ফিজিও থেরাপি, অকুপেশনাল থেরাপি ও স্পিচ এন্ড ল্যাংগুয়েজ থেরাপি কাজ যথাযথভাবে চলমান আছে। বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা জানান খাদ্য গুদামের অদ্যকার মজুদ চাল ১৬৫২ মে:টন, ধান ৭৬০ মে: টন। মজুদ চাল ও ধানস আপদকালীন সময়ের খাদ্য চাহিদা পুরণের জন্য সংরক্ষণ থাকবে। আসন্ন অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২৫ এর আওতায় উপজেলার জন্য সিদ্ধ চাল ৪৫০৭ ও ধান ১১৩০ মে.টন সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। চাল প্রতি কেজি ৪৯ ও ধান প্রতি কেজি ৩৬ টাকা ধরে ক্রয় করা হবে। ধান বিক্রয়ের জন্য কৃষক অ্যাপে আবেদনকারী কৃষক ও কৃষি বিভাগের তালিকা হতে আগে আসলে আগে ভিত্তিতে ক্রয় করা হবে। চাল সংগ্রহের নির্ধারিত মেয়াদ ৩১.০৮.২০২৫ শতভাগ সংগ্রহ করা হবে। ধান সংগ্রহ ৩০.০৬.২০২৫ পর্যন্ত সমাপ্ত করা হয়েছে। উপজেলা খাদ্য বিভাগের পক্ষ থেকে প্রতিদিন বাজার মনিটরিং করা হচ্ছে। মনিটরিংকালে দেখা যায় উপজেলার রাইস মিল, খুচরা ও পাইকারী বিক্রয় দোকানে মজুদ পরিমান স্বাভাবিক আছে। অত্র দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালনা করা হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৮ | উপজেলা তথ্যকেন্দ্র, তথ্য আপা প্রকল্প, মোহনগঞ্জ | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, মাতৃত্বকালীন ছুটিতে থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ২০ | বিদ্যুত বিভাগ, মোহনগঞ্জ | এজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ সভাকে অবহিত করেন যে, বর্তমানে বিদ্যুতের চলমান অবস্থা ভাল। ভবিষ্যতে উপজেলা পরিষদসহ উপজেলার যে কোন উন্নয়ন কাজে পল্লী বিদ্যুৎ সমিতি সম্পৃক্ত ছিল, আছি ও থাকবে। | বিদ্যুত ব্যবস্থা স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | ডিজিএম, পল্লী বিদ্যুত সমিতি, মোহনগঞ্জ জোনাল অফিস |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বিভাগ (ইউজিডিপি) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় আলোচনা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), মোহনগঞ্জ |
| ২২ | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি, মোহনগঞ্জ | কমলিকা দেব, উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি এর সাংগঠনিক এবং ঋন কার্যক্রম সভায় উপস্থাপন করেন। মোট দল গঠন ৩৭ টি। সদস্য ভর্তি ৮৪৫ জন। সঞ্চয় জমা ৪৪.০১ লক্ষ টাকা। ক্ষুদ্র ঋন বিতরণ ২০০.৮০ লক্ষ টাকা, আদায় ১৯৩.৬৭ লক্ষ টাকা এবং ক্ষুদ্র উদ্যোক্তা ঋন বিতরণ ২০৭.৩০ লক্ষ টাকা, আদায় ৯৬.৫৭ লক্ষ টাকা। আয়বর্ধনমূলক প্রশিক্ষণ গ্রহণ করেছেন ৬০০ জন। পজীপ বিআরডিবি মোহনগঞ্জ এর অনেক উদ্যোক্তা তৈরী হয়েছে। তার মধ্যে জাহানারা আক্তার নামে একজন ক্ষুদ্র উদ্যোক্তা। তিনি বাঁশ ও বেত দিয়ে পণ্য তৈরী করেন এবং বিভিন্ন বিপনন প্রতিষ্ঠানে সরবরাহ করে থাকেন। বাঁশ ও বেতের কার্য গত ২৪.০৭.২০২৫ তারিখ উপজেলা নির্বাহী অফিসার মহোদয় পরিদর্শণ করেন এবং কর্মকান্ডের প্রশংসা করেন। উক্ত উদ্যোক্তা উপজেলা নির্বাহী অফিসারের নিকট কাজকে আরো গতিশীল করার জন্য লেদার ও বাঁশ মিশ্রনে ব্যাগ তৈরী করার জন্য একটি মেশিন প্রয়োজন বলে প্রস্তাব করেন। এ বিষয়েটি নিয়ে সভায় আলোচনা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে মেশিন ক্রয় বাবদ ২৫,০০০/- টাকা অর্থ সহায়তা প্রদানের সিদ্ধান্ত হয়। | উদ্যোক্তার মেশিন ক্রয়ের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | প্যানেল চেয়ারম্যান, ০১ নং বড়কাশিয়া বিরামপুর ইউপি | প্যানেল চেয়ারম্যান, ০১ নং বড়কাশিয়া বিরামপুর ইউপি সভায় বলেন তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন সমস্যা নেই। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্যানেল চেয়ারম্যান, বড়কাশিয়া বিরামপুর ইউপি, মোহনগঞ্জ |
| ২৪ | প্যানেল চেয়ারম্যান, ০৭ নং গাগলাজুর ইউপি | প্যানেল চেয়ারম্যান, ০৭ নং গাগলাজুর ইউপি সভায় বলেন তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, গাগলাজুর ইউপি, মোহনগঞ্জ |
| ২৫ | প্যানেল চেয়ারম্যান, ০৫ নং সমাজ সহিলদেও ইউপি | প্যানেল চেয়ারম্যান, ০৫ নং সমাজ সহিলদেও ইউপি সভায় বলেন তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউপি, মোহনগঞ্জ |
| ২৬ | প্যানেল চেয়ারম্যান, ০৩ নং তেতুলিয়া ইউপি | প্যানেল চেয়ারম্যান, ০৩ নং তেতুলিয়া ইউপি সভায় বলেন তার ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, তেতুলিয়া ইউপি, মোহনগঞ্জ |

(৩) বিবিধঃ আগস্ট/২০২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষাঙ্গিক ব্যয়, মালী ও ঝাড়ুদারের মজুরী এবং অন্যান্য বিল পরিশোধের বিষয়ে সভায় উপস্থাপন করা হয়।

উল্লিখিত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় ও আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধ করার সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রমিক নং | ব্যয় বিবরণী | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদের মালী ও ঝাড়ুদারের আগস্ট/২০২৫ মাসের মজুরী বাবদ- | ২৯,৪০০/- |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন-শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন বাবদ | ৩০,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের আনুষজ্ঞিক বিল: | ৫,০০০/- |

সভায় উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা উপজেলার সার্বিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে করার লক্ষ্যে সকলকে অনুরোধ জানান এবং এ উপজেলায় বর্তমান পরিস্থিতি স্বাভাবিক আছে বলে সভায় অবহিত করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩০/৭/২০২৫
(জুয়েল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৫১৯ | তারিখ: ৩০ জুলাই, ২০২৫

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০১. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
০২. জেলা প্রশাসক, নেত্রকোণা
০৩. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. উপজেলা ...........................................................,........অফিসার, মোহনগঞ্জ,নেত্রকোণা
০৫. চেয়ারম্যান,....................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা
০৬. সংরক্ষণ নথি।

৩০/৭/২০২৫
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা